



নং-৪০.০০.০০০০.০১১.৯৯.০০৪.২৬-৬৫০


তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩
২৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়ঃ জাতীয় রুফটপ সোলার স্থাপন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২/০৯/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় সচিব কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে বিদ্যুৎ ঘাটতি কমাতে ও জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ বাড়াতে এবং সূর্যের আলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে এ মন্ত্রণালয়ের অধীনে সকল দপ্তর, অধিদপ্তর, সংস্থার ভবনের ছাদে সোলার প্যানেল স্থাপন/অকেজো প্যানেল মেরামতে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সোলার প্যানেল স্থাপন/অকেজো প্যানেল মেরামতে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক কার্যক্রমের অগ্রগতি আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জরুরিভিত্তিতে এই মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(জিন্নাত শহীদ পিংকি)
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫১৪০৭৩

ইমেইল: sasadmin@mole.gov.bd

বিতরণঃ

১. চেয়ারম্যান, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
২. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।
৩. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।
৪. চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৬. মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

নং-৪০.০০.০০০০.০১১.৯৯.০০৪.২৬-৬৫০

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩
২৩ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপিঃ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিব এর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিবের সদয় অবগতির জন্য)।
৩. যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (প্রশাসন অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস কপি।


(জিন্নাত শহীদ পিংকি)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা
(www.mole.gov.bd)

নং-৪০.০০.০০০০.০১১.৯৯.০০৪.২৫-২৫৯


তারিখ: ০৮ বৈশাখ ১৪৩৩
২১ এপ্রিল ২০২৬

বিষয়: জাতীয় বুকটপ সোলার কর্মসূচির প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-২৭.০০.০০০০.০০০.০৯৬.১৪.০০০৩.২৫(অংশ).৭৪
তারিখ: ০৫-০৪-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ভবনে বুকটপ সোলার স্থাপনের বিষয়ে আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জরুরিভিত্তিতে প্রস্তাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।


(মোঃ কামাল হোসেন)
উপসচিব

ফোন: ৯৫১৪০৭৩

sasadmin@mole.gov.bd

বিতরণঃ

১. চেয়ারম্যান, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা
২. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা
৩. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা
৪. চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

নং-৪০.০০.০০০০.০১১.৯৯.০০৪.২৫-২৫৯

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩৩
২১ এপ্রিল ২০২৬

অনুলিপিঃ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
২. সচিব এর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৪. অফিস কপি


(মোঃ কামাল হোসেন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.powerdivision.gov.bd

সচিবের দপ্তর	সচিব
প্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	
তারিখ: ০৫/০৪/২৬	
সচিব (প্রশাসন)	
☐ অতিরিক্ত সচিব (প্রশাসন)	
☐ অতিরিক্ত সচিব (অর্থ)	
☐ অতিরিক্ত সচিব (প্রশাসন)	
☐ অতিরিক্ত সচিব (উন্নয়ন)	
☐ মহাপরিচালক (BLWE/CF)	
☐ একান্ত সচিব	
☐ অন্যায়	

স্মারক নং- ২৭.০০.০০০০.০০০.০৯৬.১৪.০০০৩.২৫(অংশ).৭৪

তারিখ: ২২ চৈত্র ১৪৩২
০৫ এপ্রিল ২০২৬

বিষয়: জাতীয় রুফটপ সোলার কর্মসূচির প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র: ০১। পরিপত্র-২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.১০১, তারিখ-০৩/০৭/২০২৫
০২। সভার কার্যবিবরণী-২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.০১৬, তারিখ-০১/০৯/২০২৫
০৩। রুফটপ সোলার গাইডলাইন-২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.৪২১, তারিখ-২৭/১০/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যুৎ বিভাগ থেকে জাতীয় রুফটপ সোলার কর্মসূচির আওতায় সকল মন্ত্রণালয় বরাবর সূত্রস্থ গাইডলাইন অনুযায়ী নিজস্ব ভবন এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ভবনে রুফটপ সোলার স্থাপনের প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হয়েছিলো, তবে অদ্যাবধি নিম্নোক্ত মন্ত্রণালয়সমূহ থেকে কোন প্রস্তাব পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, উল্লিখিত গাইডলাইন অনুযায়ী জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

অতিরিক্ত সচিব (প্রশাসন) অনুবিভাগ
তারিখ: ২২/০৪/২৬
১। সচিব (প্রশাসন)
২। মুখ্যসচিব (বাজেট)
৩। মুখ্যসচিব (সংস্থাপন)
৪। মুখ্যসচিব (সমস্যা ও আদালত)
৫। উপসচিব (বাজেট/প্রশাসন)
৬। সিস্টেম/সহকারী সচিব (প্রশাসন/শাখা-৪)
৭। সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)
৮। মাইক্রেটি শাখা
৯। ব্যক্তিগত কর্মকর্তা

তাহমিনুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৪৭১১১৫৫৬
E-mail: dsre-2@pd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
০২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
০৩। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইকটান গার্ডেন, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা;
০৪। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
০৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
০৬। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা;
০৭। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা;
০৮। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
০৯। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
১০। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
১১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
১২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
১৩। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
১৪। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;

সুপারসচিব (প্রশাসন) এর দপ্তর
প্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
তারিখ: ২৬/০৪/২৬
সি: সহঃ সচিব (প্রশাসন)
সি: সহঃ সচিব/সহঃ সচিব (সেবা)
সি: সহঃ সচিব/সহঃ সচিব (শাখা-৮)
সি: সহঃ সচিব/সহঃ সচিব (শাখা-২)
হিসাবরক্ষণ কর্মকর্তা
উপসচিব/সহঃ সচিব/অতিরিক্ত সচিব
সহকারী সচিব
ব্যক্তিগত কর্মকর্তা

- ১৫। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
- ১৬। সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা;
- ১৭। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ১৮। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ১৯। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা;
- ২০। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা;
- ২১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ২২। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ২৩। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ২৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ২৫। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ২৬। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ২৭। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ২৮। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ২৯। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ৩০। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা;
- ৩১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা;

স্মারক নং- ২৭.০০.০০০০.০০০.০৯৬.১৪.০০০৩.২৫(অংশ).৭৪

তারিখঃ ২২ চৈত্র ১৪৩২
০৫ এপ্রিল ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ১। উপসচিব ও কাউন্সিল অফিসার, সমন্বয়-১ অধিশাখা, বিদ্যুৎ বিভাগ;
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য);
- ৫। অতিরিক্ত সচিব (নবায়নযোগ্য জ্বালানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ;
- ৬। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ;
- ৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ

নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা

www.powerdivision.gov.bd

বিষয়: জাতীয় ব্লকটপ সোলার কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ফারজানা মমতাজ, সচিব, বিদ্যুৎ বিভাগ
সভার তারিখ : ৩১ আগস্ট ২০২৫
সময় : বেলা ১১.৩০ ঘটিকা
স্থান : বিজয় হল, বিদ্যুৎ ভবন
উপস্থিতি : পরিশিষ্ট ক

সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতে তিনি বলেন, ২৯/৬/২৫ তারিখে জাতীয় ব্লকটপ সোলার কর্মসূচি উপদেষ্টা পরিষদ কর্তৃক অনুমোদিত হওয়ার পর ১৭/০৮/২৫ তারিখ এই কর্মসূচি বাস্তবায়ন গাইডলাইন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা কর্তৃক অনুমোদিত হয়েছে। আগামী ডিসেম্বর, ২০২৫ এর মধ্যে এই কর্মসূচির মাধ্যমে ২০০০-৩০০০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয়সমূহ মাঠ পর্যায়ে এই কর্মসূচি বাস্তবায়ন শুরু করেছে। ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ৬৪ জেলা প্রশাসকের কার্যালয় এবং ৬ বিভাগীয় কমিশনারের কার্যালয়ের মোট ৭০ টি প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করেছে এবং এ প্রস্তাবসমূহের যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। তিনি মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে সকল জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনারদের ধন্যবাদ জ্ঞাপন করেন। সভার এ পর্যায়ে, বিদ্যুৎ বিভাগের নবায়নযোগ্য জ্বালানি শাখার সিনিয়র সহকারী সচিব, মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের জাতীয় ব্লকটপ সোলার কর্মসূচি বাস্তবায়ন গাইডলাইন এর মূল বিষয়বস্তু উপস্থাপন করেন এবং ডিসেম্বর ২০২৫ এর মধ্যে কাজিকত লক্ষ্য অর্জনের জন্য একটি সমন্বিত পরিকল্পনা গ্রহণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

২.০। আলোচনা:

২.১। আলোচনায় অংশগ্রহণ করে রেলপথ মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন, তারা এখন পর্যন্ত ৮টি প্রতিষ্ঠানে সৌরবিদ্যুৎ স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে, নেট মিটারিংয়ের জন্য আবেদন করেছে তবে অনুমোদনে সময় লাগছে। তিনি আরও জানতে চান, স্থাপিত সোলার সিস্টেমের রক্ষণাবেক্ষণের দায়িত্ব কার এবং রক্ষণাবেক্ষণ খাতে কোনো বরাদ্দ প্রদান করা হবে কি না। তিনি বলেন, ই-জিপিতে দরপত্র আহ্বান করার মাধ্যমে ক্রয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করা সম্ভব। আলোচনায় অংশগ্রহণ করে নবায়নযোগ্য জ্বালানি শাখার সিনিয়র সহকারী সচিব বলেন, প্রত্যেক মডেল অনুযায়ী রক্ষণাবেক্ষণ এর দায়িত্ব ভাগ করে দেওয়া আছে এবং এর জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় থেকে কোন বরাদ্দ চাইতে হবে না। সভাপতি বলেন, রেলপথ মন্ত্রণালয় তাদের অগ্রগতি লিখিতভাবে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করলে নেট মিটারিং আবেদনের বিষয়ে সহযোগিতা করা হবে। তিনি আরো বলেন, ই-জিপিতে দরপত্র আহ্বান করার মাধ্যমে ক্রয় কার্যক্রমের প্রস্তাব বাস্তবায়নে বিপিপিএ এর সাথে প্রয়োজনীয় যোগাযোগ করা হবে।

২.২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন, ইতোমধ্যে তাদের মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে এবং সকল তথ্যাদি সংগ্রহে সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত সময় প্রয়োজন হবে। তিনি জানতে চান, স্থাপনাগুলোতে সোলার প্যানেল স্থাপনে অগ্নি-নিরাপত্তা (ফায়ার সেফটি) বিবেচনা করা হচ্ছে কিনা। নবায়নযোগ্য জ্বালানি শাখার সিনিয়র সহকারী সচিব বলেন, প্রত্যেক প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে ভবনের স্থায়ীত্বের বিষয়ে নিশ্চিত হয়ে প্রাক্কল্প প্রেরণ করতে হবে এবং সিস্টেম স্থাপনের সময় তাদের প্রয়োজনীয় নিরাপত্তার বিষয়ে লক্ষ্য রাখতে হবে।

২.৩। মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি বলেন, কর্মসূচি বাস্তবায়নের একটি সময়াবদ্ধ পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন এবং মন্ত্রিপরিষদ থেকে প্রেরিত প্রস্তাবসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হলে অন্যান্য দফতর সহজে এগিয়ে আসবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ৩০ সেপ্টেম্বরের মধ্যে সকল মন্ত্রণালয় তার অধীনস্থ দফতর/সংস্থা থেকে প্রস্তাব সংগ্রহ করে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত হয়। সভাপতি বলেন, ০৩/০৭/২৫ তারিখে এই কর্মসূচি বিষয়ক পরিপত্র জারি করা হয়েছে এবং মন্ত্রণালয়সমূহের সহযোগিতা চেয়ে আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়েছে। তবে, এখন পর্যন্ত মন্ত্রিপরিষদ বিভাগ ছাড়া অন্যান্য মন্ত্রণালয় থেকে কোন প্রস্তাব পাওয়া যায়নি। তিনি আরও বলেন, এই সময়ের মধ্যে সকল প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ জরুরি, অন্যথায় এই কর্মসূচির লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হবে।

২.৪। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, সারা দেশে ৩৩টি যুব প্রশিক্ষণ কেন্দ্রের ছাদে ইতোমধ্যেই সৌরবিদ্যুৎ স্থাপন করা হয়েছে। তবে এই সিস্টেমগুলো নেট মিটারিংয়ের আওতাভুক্ত নয়। সভাপতি বলেন, এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ কে লিখিতভাবে জানালে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৫। পরিসংখ্যান অধিদফতরের প্রতিনিধি বলেন, আগারগাও তাদের মূল কার্যালয়ের ছাদে ইতোমধ্যে সৌরবিদ্যুৎ স্থাপন করা হয়েছে, যা বর্তমানে অকেজো এবং রক্ষণাবেক্ষণ খাতে বরাদ্দ না থাকায় তা মেরামত করা যাচ্ছে না। তিনি আরও বলেন, ইনভার্টার এবং মিটার ছাদে স্থাপন না করে কোন একটা বুমে স্থাপন করলে তার স্থায়িত্ব এবং নিরাপত্তা নিশ্চিত করা যাবে। নবায়নযোগ্য জ্বালানি শাখার সিনিয়র সহকারী সচিব এ বিষয়ে বলেন, এ বিষয়টি সমাধানে পরিসংখ্যান অধিদফতর যে বিদ্যুৎ বিতরণ সংস্থার আওতাধীন তাদের সাথে লিখিত যোগাযোগ করতে পারে। সভাপতি বলেন, যে প্রতিষ্ঠানে ব্লকটপ সিস্টেম স্থাপন করা হবে সেই প্রতিষ্ঠানের কোন একটি কক্ষের ভেতরে ইনভার্টার স্থাপন করার প্রস্তাব যৌক্তিক প্রতীয়মান হওয়ায়, পর্যালোচনা সাপেক্ষে এটি গ্রহণ করা যেতে পারে।

২.৬। দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি জানতে চান, তাদের অধিকাংশ স্থাপনা জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার অধীনে এবং বন্যা ও সাইক্লোন সেন্টারগুলো শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে, সেক্ষেত্রে তারা কিভাবে অগ্রসর হবেন। এ বিষয়ে অতিরিক্ত সচিব (নবায়নযোগ্য জ্বালানি) বলেন, এই মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের স্থাপনাগুলোতে উল্লিখিত কার্যালয়/মন্ত্রণালয় কর্তৃক সৌরবিদ্যুৎ স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি না তার রিপোর্ট গ্রহণ করা যেতে পারে।

২.৭। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, তাদের আওতাধীন একটি প্রতিষ্ঠান পিডব্লিউডির রোট শিডিউল অনুযায়ী প্রাক্কলন প্রেরণ করেছে যা বিদ্যুৎ বিভাগের প্রদত্ত ওয়েব এপ্লিকেশনের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। এ বিষয় তাকে জানানো হয়, পরিপত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করা আছে উল্লিখিত ওয়েব এপ্লিকেশনের মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করতে হবে, অন্য কোনো পদ্ধতিতে করা প্রাক্কলন গ্রহণযোগ্য হবে না।

২.৮। জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন, এই কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। নবায়নযোগ্য জ্বালানি শাখার সিনিয়র সহকারী সচিব বলেন, এ বিষয়ে ইতোমধ্যে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে এবং বিভিন্ন পর্যায়ে তা চলমান থাকবে। সভাপতি মত প্রকাশ করেন, আজকে উপস্থিত সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিজ নিজ মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থার জনবলকে প্রশিক্ষণ প্রদান করবেন, প্রয়োজনে বিদ্যুৎ বিভাগ থেকে সহযোগিতা করা হবে।

২.৯। সেতু বিভাগের প্রতিনিধি জানান, ইতোমধ্যে এই বিভাগের আওতাধীন দুইটি স্থাপনায় সোলার স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে এবং খুব শীঘ্রই বাস্তবায়ন শেষ হবে। তিনি মতামত প্রকাশ করেন, যে সকল উপজেলা জলবায়ু পরিবর্তন সংশ্লিষ্ট কৃষিতে রয়েছে সে অনুযায়ী নকশা প্রণয়ন করতে হবে। উপস্থিত সকলে এ বিষয়ে একমত প্রকাশ করেন।

২.১০। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের প্রতিনিধি জানতে চান, এই প্রকল্পের অর্থায়ন কার মাধ্যমে হবে এবং বিশ্ববিদ্যালয়গুলোতে এ কর্মসূচি গ্রহণ করা যাবে কি না। তিনি আরো জানতে চান, দরপত্রে ক্রাস্টার কিভাবে গঠিত হবে। সভায় জানানো হয়, বিজনেস মডেল অনুযায়ী অর্থায়নের ধরণ ভিন্ন এবং বিশ্ববিদ্যালয়গুলো আগ্রহী হলে তাদের যুক্ত করে পরিকল্পনা গ্রহণ করা যাবে। এ বিষয়ে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা তার আওতাধীন এলাকার সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ করবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একমত হলে তাদের সংযুক্ত করে প্রস্তাব প্রেরণ করবে। দরপত্রে ক্রাস্টারের বিষয়ে জানানো হয়, উদ্যোগ 'ক' এর ক্ষেত্রে প্রত্যেক মন্ত্রণালয় তার আওতাধীন প্রতিষ্ঠানের সংখ্যা এবং সক্ষমতা বিবেচনা করে ক্রাস্টার নির্ধারণ করতে পারবে। উদ্যোগ 'খ' এর প্রথম তিনটি মডেল এর ক্ষেত্রে দরপত্রে ক্রাস্টার নির্ধারণ করবে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা।

২.১১। অর্থ বিভাগের প্রতিনিধি বলেন, CAPEX মডেলে অর্থায়নের ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ খাতে আলাদা কোনো বরাদ্দ প্রদান করা হবে না। নবায়নযোগ্য জ্বালানী শাখার সিনিয়র সহকারী সচিব বলেন, উদ্যোগ 'ক' এর রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থার জন্য ৫% রক্ষণাবেক্ষণ চার্জ নির্ধারণ করা হয়েছে। প্রত্যেক প্রতিষ্ঠান তার নিজস্ব জনবলের মাধ্যমে সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করবে এবং বিদ্যুৎ বিতরণ সংস্থার সাথে যৌথভাবে গাছের ডাল কাটা ও প্যানেল পরিষ্কার করবে। অর্থ বিভাগের প্রতিনিধি আরো বলেন, কার্বন ক্রেডিট এর অর্থ ব্যবস্থাপনার জন্য তহবিল গঠনের কথা গাইডলাইনে উল্লেখ করা হয়েছে। এ ধরনের তহবিল গঠনের জন্য অর্থ বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে। পাশাপাশি, এই বরাদ্দের কারণে বিদ্যুৎ বিভাগে যে ভর্তুকি (সাবসিডি) দেওয়া হয় তার ওপর কী ধরনের প্রভাব পড়বে তা নিরূপণ করতে হবে। খুচরা বিদ্যুতের দামের ওপর কোনো প্রভাব পড়বে কি না, সেটিও বিবেচনা করতে হবে। সকলে এ বিষয়ে একমত প্রকাশ করেন।

২.১২। সভাপতি, এই কার্যক্রম বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করেন। তিনি বলেন, এটি একটি 'জাতীয়' কর্মসূচি এটি বাস্তবায়নে সকলের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন। তিনি, মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের অনুরোধ করেন, কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা নিশ্চিতের লক্ষ্যে সকল সভায় যেন একই ব্যক্তি (ফোকাল পয়েন্ট) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পক্ষে নিয়মিত অংশগ্রহণ করেন। তা না হলে এ কার্যক্রম যথাযথমতে বাস্তবায়ন নিশ্চিত করা কঠিন হয়ে পড়বে।

৩.০। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	এই কর্মসূচির ক্রয় কার্যক্রম ই-জিপিএ করে করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং বিপিপিএ এর সাথে এ বিষয়ক সভা করতে হবে।	বিদ্যুৎ বিভাগ
৩.২	মন্ত্রণালয়/বিভাগ প্রাক্কলন প্রেরণের পূর্বে স্থাপিত কোন সিস্টেমে নেট মিটারিং সংযোগ সংক্রান্ত কোন সমস্যা থাকলে তা বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ
৩.৩	প্রত্যেক প্রতিষ্ঠান আবশ্যিকভাবে ডবনের স্থায়িত্বের বিষয়ে নিশ্চিত হয়ে প্রাক্কলন প্রেরণ করবে এবং সিস্টেম স্থাপনের সময় নিজ নিজ প্রয়োজনীয় নিরাপত্তার বিষয়ে লক্ষ্য রাখবে।	
৩.৪	৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধীনস্থ সকল কার্যালয়/সংস্থা থেকে প্রাক্কলন সংগ্রহ করে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।	
৩.৫	যুব প্রশিক্ষণ কেন্দ্রের বুফটপ সোলার সিস্টেমের নেট মিটারিং সংযোগের বিষয়ে পৃথক পত্র প্রেরণ করতে হবে।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩.৬	যে প্রতিষ্ঠানে বুফটপ সিস্টেম স্থাপন করা হবে সেই প্রতিষ্ঠানের কোন একটি কক্ষের ভেতরে ইনভার্টার ও মিটার স্থাপন করতে হবে যাতে এ সকল যন্ত্রপাতির নিরাপত্তা নিশ্চিত হয়।	সকল মন্ত্রণালয়/বিভাগ
৩.৭	পরিপত্র উল্লিখিত ওয়েব এপ্লিকেশনের মাধ্যমে প্রাক্কলন প্রদত্ত করতে হবে, অন্য কোনো পদ্ধতি গ্রহণযোগ্য নয়।	সকল মন্ত্রণালয়/বিভাগ

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.৮	সকল ফোকাল গয়েন্ট কর্মকর্তা নিজ নিজ মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থার জনবলকে এতদসংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদান করবেন।	
৩.৯	বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ তার আওতাধীন এলাকায় অবস্থিত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে জাতীয় ব্লকটপ সোলার কর্মসূচিতে অগ্রদুস্তির বিষয়ে যোগাযোগ করবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সম্মতিক্রমে উদ্যোগ 'খ' প্রস্তাবের সাথে সংযুক্ত করে প্রস্তাব প্রেরণ করবে।	বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল)
৩.১০	প্রত্যেক মন্ত্রণালয় তার আওতাধীন প্রতিষ্ঠানের সংখ্যা এবং সক্ষমতা বিবেচনা করে ক্রান্তির নির্ধারণ করবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ
৩.১১	কার্বন ক্রেডিট এর অর্থ ব্যবস্থাপনার জন্য তহবিল গঠনের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে।	বিদ্যুৎ বিভাগ
৩.১২	কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে বিদ্যুৎ বিভাগ কর্তৃক গৃহীত ভর্তিকির (সাবসিডি) ওপর কী ধরনের প্রভাব পড়বে তা নিরূপণ করতে হবে।	
৩.১৩	সকল সভায় মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে ফোকাল গয়েন্ট কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ফারজানা মমতাজ
০২/১১/২০২৫

(ফারজানা মমতাজ)

সচিব

বিদ্যুৎ বিভাগ

স্মারক নং- ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.৩২৬

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪৩২
০১ সেপ্টেম্বর ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।

২। চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যানের দপ্তর, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেড)।

৩। চেয়ারম্যান (গ্রেড-১), চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

৪। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ।

৫। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ শিল্পী বিদ্যুতায়ন বোর্ড।

৬। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি), নবায়নযোগ্য জ্বালানি অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।

৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি।

৮। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর (ডিপিডিসি)।

৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, (ডেসকো)।

১০। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।

১১। ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, (ওজোগাড়িকো)।

১২। একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, বিদ্যুৎ বিভাগ (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। সিনিয়র সহকারী সচিব, নবায়নযোগ্য জ্বালানি-১ শাখা, বিদ্যুৎ বিভাগ।

১৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২/১১/২৫
(তাহমিলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব